গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৩৫/২০১৯-২০২০
ঢাকা ১ জানুয়ারি বুধবার ২০২০, ১৭ পৌষ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। দেশবাসীকে নববর্ষের শুভেচ্ছা রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর
২। নদী খননকালে পাড় ভাঙার বিষয়ে সতর্ক থাকার নির্দেশ প্রধানমন্ত্রীর
একনেকে ৭ প্রকল্প অনুমোদন
৩। বাণিজ্য মেলা আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৪। শিক্ষার্থীদের আধুনিক প্রযুক্তিভিত্তিক শিক্ষা দিতে হবে :
বিনামূল্যের বই বিতরণ কর্মসূচির উদ্বোধনকালে প্রধানমন্ত্রী
পিইসি ও ইবতেদায়ি এবং জেএসসি ও জেডিসির ফল প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর
৫। গণভবনে শিশুদের সঙ্গে প্রধানমন্ত্রীর আনন্দময় সময়
৬। জেএসসি-জেডিসি ও প্রাথমিক-ইবতেদায়ি পরীক্ষার ফল প্রকাশ
৭। ২০২০ সাল থেকে সিজিপিএ-৪ চালুর চিন্তা : শিক্ষামন্ত্রী
৮। সুষ্ঠু, অবাধ সিটি নির্বাচন উপহার দিতে চায় সরকার : সেতুমন্ত্রী
৯। সবার সহায়তায় জঙ্গিবাদ দমন হয়েছে : গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী
১০। শান্তির পৃথিবী গড়ার হাতিয়ার সাহিত্যচর্চা : তথ্যমন্ত্রী
১১। শহরমুখী প্রবণতা রোধে গ্রামীণ সুযোগ-সুবিধা বাড়াতে হবে : স্থানীয় সরকার মন্ত্রী
১২। প্রবাসীদের দ্রুত সেবা প্রদানে বাংলাদেশি মিশন সমূহের প্রতি নির্দেশ পররাষ্ট্রমন্ত্রীর
১৩। ২০২০ সালে ৭ লাখের বেশি বাংলাদেশি কর্মী বিদেশ পাঠানো হবে : প্রবাসীকল্যাণমন্ত্রী

চলমান পাতা-২

১। **দেশবাসীকে নববর্ষের শুভেচ্ছা রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর**

খ্রিষ্টীয় নববর্ষ ২০২০ উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (৩১ ডিসেম্বর মঙ্গলবার) দেওয়া পৃথক বাণীতে শুভেচ্ছা জানান তাঁরা। বাণীতে রাষ্ট্রপতি বলেন, ২০২০ সাল আমাদের জাতীয় জীবনে একটি গুরুত্বপূর্ণ বছর। এ বছরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ সাড়ম্বরে উদ্‌যাপিত হবে। এজন্য দেশবাসী উন্মুক্ত হয়ে আছে। নববর্ষ উপলক্ষে দেশবাসী এবং প্রবাসী বাঙালিসহ বিশ্ববাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়ে বাণীতে প্রধানমন্ত্রী বলেন, আগামী ১৭ মার্চ জাতির পিতার জন্মদিন বর্ণাঢ্য উদ্বোধনের মধ্য দিয়ে শুরু হবে বছরব্যাপী অনুষ্ঠানমালা। তাই নতুন বছরের অঙ্গীকার হোক মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে জাতির পিতার স্বপ্নের সোনার বাংলাদেশ বিনির্মাণের। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

২। **নদী খননকালে পাড় ভাঙার বিষয়ে সতর্ক থাকার নির্দেশ প্রধানমন্ত্রীর**
**একনেকে ৭ প্রকল্প অনুমোদন**

মোংলা, পায়রা, চট্টগ্রাম বন্দরে অত্যাধুনিক স্ক্যানার মেশিন বসানোর নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এছাড়া নদী খননকালে যাতে পাড় না ভাঙে সেদিকে সতর্ক থাকারও নির্দেশ দেন তিনি। গতকাল ( ৩১ ডিসেম্বর মঙ্গলবার) শেরেবাংলানগরের এনইসি সম্মেলনকক্ষে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় এ নির্দেশনা দেন তিনি। সভা শেষে সংবাদসম্মেলনে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান সাংবাদিকদের এসব কথা বলেন। একনেকে ৪৪৬০ কোটি ৫৪ লাখ টাকা ব্যয় সংবলিত সাতটি প্রকল্প অনুমোদন দেওয়া হয়। এর মধ্যে চারটি সংশোধিত আকারে অনুমোদন দেওয়া হয়েছে। প্রকল্পগুলোর ব্যয়ের মধ্যে সরকারি অর্থায়ন ৪ হাজার ৩৪৬ কোটি ৪০ লাখ টাকা এবং দুইটি সংস্থা রাজশাহী সিটি করপোরেশন এবং পাওয়ার গ্রিড কোম্পানি অভ্ বাংলাদেশ লিমিটেডের নিজস্ব অর্থায়ন ১১৪ কোটি ১৫ লাখ টাকা। সূত্র **: ইত্তেফাক** (শেষ পৃ.ক.৬)**, যুগান্তর** (পৃ.১৯,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৩)।

৩। **বাণিজ্য মেলা আজ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

আজ (১ জানুয়ারী বুধবার) থেকে শুরু হচ্ছে মাসব্যাপী ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা। সকাল ১০টায় ২৫তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার (ডিআইটিএফ) আনুষ্ঠানিক উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (৩১ ডিসেম্বর মঙ্গলবার) ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০২০ এর সার্বিক পরিস্থিতি নিয়ে সংবাদসম্মেলন করেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেন, মেলার সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.১২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬)।

৪। **শিক্ষার্থীদের আধুনিক প্রযুক্তিভিত্তিক শিক্ষা দিতে হবে :**
**বিনামূল্যের বই বিতরণ কর্মসূচির উদ্বোধনকালে প্রধানমন্ত্রী**
**পিইসি ও ইবতেদায়ি এবং জেএসসি ও জেডিসির ফল প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বর্তমান যুগে পরিবর্তিত বিশ্ব পরিস্থিতির সঙ্গে তাল মিলিয়ে চলার লক্ষ্যে নিজেদেরকে প্রস্তুত করার জন্য শিক্ষার্থীদের আধুনিক প্রযুক্তিনির্ভর শিক্ষা প্রদানের ওপর গুরুত্বারোপ করে বলেছেন, আমরা শিক্ষার্থীদের আধুনিক প্রযুক্তিনির্ভর শিক্ষায় শিক্ষিত করে তুলতে চাই। এ কথা মাথায় রেখেই তাঁর সরকার শিক্ষাব্যবস্থার সার্বিক মানোন্নয়নের চেষ্টা চালিয়ে যাচ্ছে। গতকাল (৩১ ডিসেম্বর মঙ্গলবার) গণভবনে এক অনুষ্ঠানের মাধ্যমে ২০২০ শিক্ষাবর্ষের জন্য সারাদেশে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কর্মসূচির উদ্বোধনকালে তিনি একথা বলেন। তিনি প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার্থীদের হাতে পাঠ্যপুস্তক তুলে দিয়ে সারাদেশে এ কর্মসূচির উদ্বোধন করেন। একই অনুষ্ঠানে এ বছরের প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) ও ইবতেদায়ি এবং জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার ফলাফল প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করা হয়। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) এবং প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) ও ইবতেদায়ি পরীক্ষার ফল প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.১,ক.৫)**, সংবাদ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

**৫।	গণভবনে শিশুদের সঙ্গে প্রধানমন্ত্রীর আনন্দময় সময়**

শিশুদের হাতে নতুন বই তুলে দেওয়ার পাশাপাশি তাদের সঙ্গে খেলায় অংশ নেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গণভবনে খেলার মাঠে তিনি শিশুদের সঙ্গে খেলায় মেতে ওঠেন। পরে তাদের চকলেট উপহার দেন প্রধানমন্ত্রী। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ,ক.২)।

**৬।	জেএসসি-জেডিসি ও প্রাথমিক-ইবতেদায়ি পরীক্ষার ফল প্রকাশ**

অষ্টম শ্রেণির জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও মাদ্রাসার জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষায় এবার পাসের হার ৮৭ দশমিক ৯০ শতাংশ। এবার পাসের হার ২ দশমিক ৭ শতাংশ বেড়েছে। গত বছর এ পরীক্ষায় পাসের হার ছিল ৮৫ দশমিক ৮৩ শতাংশ। পঞ্চম শ্রেণির প্রাথমিক ও মাদ্রাসার ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষায় এবার গড় পাসের হার ও জিপিএ-৫ দুটিই কমেছে। এবার প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় ৯৫ দশমিক ৫০ শতাংশ ও মাদ্রাসার ইবতেদায়ি পরীক্ষায় ৯৫ দশমিক ৯৬ শতাংশ শিক্ষার্থী পাস করেছে। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

**৭।	২০২০ সাল থেকে সিজিপিএ-৪ চালুর চিন্তা : শিক্ষামন্ত্রী**

পরীক্ষার ফলাফলে জিপিএ-৫ এর পরিবর্তে সিজিপিএ-৪ চালু করা হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তিনি বলেন, আমরা পুরোটা বিশ্লেষণ করে দেখছি। আশা করছি আগামী বছর থেকে চালু করা যাবে। জেএসসি-জেডিসির ফল প্রকাশ উপলক্ষে আয়োজিত সংবাদসম্মেলনে গতকাল তিনি এ তথ্য জানান। তিনি বলেন, আমরা জিপিএ নিয়ে পরিবর্তন করে গ্রেডিং করার কাজ করছি। সমাপনী পরীক্ষাগুলোতে জিপিএ-৫ তুলে দিয়ে কীভাবে মূল্যায়ন করতে পারি, সে বিষয় নিয়ে প্রধানমন্ত্রীরও কিছু দিকনির্দেশনা রয়েছে, আমরা সেটি নিয়ে কাজ করছি। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৩)।

**৮।	সুষ্ঠু, অবাধ সিটি নির্বাচন উপহার দিতে চায় সরকার : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, সরকার ঢাকার দুই সিটি করপোরেশন নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষভাবে উপহার দিতে চায়। গতকাল ( ৩১ ডিসেম্বর মঙ্গলবার) সচিবালয়ে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের সম্মেলনকক্ষে সমসাময়িক ইস্যু নিয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি আরো বলেন, সিটি করপোরেশন নির্বাচন অবাধ, নিরপেক্ষ ও সুষ্ঠুভাবে উপহার দিতে নির্বাচন কমিশনকে সর্বাত্মক সহযোগিতা করা হবে। ফলাফল যাই হোক সেটা মেনে নিতে প্রস্তুত আছে আওয়ামী লীগ। **সূত্র : ইত্তেফাক** (শেষ পৃ.ক.১), **সমকাল** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **নিউ নেশন** (পৃ.১,ক.৬)।

**৯।	সবার সহায়তায় জঙ্গিবাদ দমন হয়েছে : গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, একসময় বাংলাদেশকে সন্ত্রাস ও জঙ্গিবাদের স্বর্গরাজ্যে পরিণত করার চেষ্টা চলছিল। সব ধর্মের সবাই এগিয়ে এসেছে বলেই আমরা জঙ্গিবাদ দমন করতে সক্ষম হয়েছি। গতকাল (৩১ ডিসেম্বর মঙ্গলবার) কৃষিবিদ ইনস্টিটিউটে 'নন্দিত স্বরাষ্ট্রমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা আসাদুজ্জামান খান কামাল' বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। **সূত্র : ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.১৯,ক.১)।

**১০।	শান্তির পৃথিবী গড়ার হাতিয়ার সাহিত্যচর্চা : তথ্যমন্ত্রী**

জাতিগত সংঘাত ও মানুষে মানুষে লড়াই বন্ধ করে শান্তির পৃথিবী গড়তে সাহিত্যচর্চাকে অনন্য হাতিয়ার বলে উল্লেখ করেছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। গতকাল (৩১ ডিসেম্বর মঙ্গলবার) ঢাকা কেন্দ্রীয় শহিদ মিনারে ৩১ ডিসেম্বর আন্তর্জাতিক লেখক দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি একথা বলেন। সূত্র : **যুগান্তর** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.২)।

**১১।	শহরমুখী প্রবণতা রোধে গ্রামীণ সুযোগ-সুবিধা বাড়াতে হবে : স্থানীয় সরকার মন্ত্রী**

নাগরিকদের শহরমুখী প্রবণতা রোধ করতে গ্রামীণ সুযোগ সুবিধা বৃদ্ধি করতে হবে। এজন্য বঙ্গবন্ধু'র সুদূরপ্রসারী দর্শনের আলোকে ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে সরকার কাজ করে যাচ্ছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম। একইসঙ্গে উন্নয়নের এ অপ্রতিরোধ্য অগ্রযাত্রার ফলে বিশ্বে বাংলাদেশ রোল মডেল হিসেবে স্বীকৃতি লাভ করেছে বলেও জানান তিনি। গতকাল (৩১ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর কাকরাইলের আইডিইবি ভবনে এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.ক,৬)।

**১২।  প্রবাসীদের দ্রুত সেবা প্রদানে বাংলাদেশি মিশন সমূহের প্রতি নির্দেশ পররাষ্ট্রমন্ত্রীর**

বিদেশে বাংলাদেশি মিশনগুলোকে আরো প্রবাসীবান্ধব হওয়ার নির্দেশ দিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। গতকাল (৩১ ডিসেম্বর বুধবার) বিশ্বের বিভিন্ন দেশে অবস্থিত বাংলাদেশের মিশনপ্রধানদের কাছে পাঠানো চিঠিতে এ নির্দেশ দেন তিনি। চিঠিতে পররাষ্ট্রমন্ত্রী মিশনগুলোর কনস্যুলার সেবা প্রদানে অধিকতর মনোযোগী হয়ে বহির্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি সমুন্নত রাখারও নির্দেশ দেন। তিনি চিঠিতে কনস্যুলার সেবার মানোন্নয়ন ও প্রবাসী বাংলাদেশিদের সেবা প্রদানে মিশনগুলোর যেকোনো মতামত বিবেচনা করারও আশ্বাস দেন। তিনি বলেন, ২৪ ঘণ্টা হটলাইন ও দূতাবাস অ্যাপস চালু এবং অভিযোগ বাক্স স্থাপনের মাধ্যমে প্রবাসীদের সেবার মান উন্নীতকরণ ও হয়রানি বন্ধের উদ্যোগ নেয়া হয়েছে। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৩), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**১৩।  ২০২০ সালে ৭ লাখের বেশি বাংলাদেশি কর্মী বিদেশ পাঠানো হবে : প্রবাসী কল্যাণ মন্ত্রী**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমেদ বলেছেন, ২০২০ সালে ৭ লাখের বেশি বাংলাদেশি কর্মী বিদেশে পাঠানো হবে। ২০১৯ সালে লক্ষ্যমাত্রা ছিল সাড়ে ছয় লাখ। আমরা সেটা অতিক্রম করে ছয় লাখ ৯০ হাজার কর্মী পাঠাতে সক্ষম হয়েছি। গতকাল (৩১ ডিসেম্বর মঙ্গলবার) প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে আয়োজিত এক সংবাদসম্মেলনে তিনি এসব তথ্য জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.১)।

**সম্পাদকীয়**

ক.  **যুগান্তর, সমকাল, ভোরের কাগজ, যায়যায়দিন, বণিক বার্তা, জনকণ্ঠ, সংবাদ, অবজারভার, ইন্ডিপেনডেন্ট :** খ্রিষ্টীয় নববর্ষ ২০২০ কে স্বাগত জানিয়ে শান্তি, সম্প্রীতি, সৌহার্দ্য আর দেশের প্রতি অগাধ ভালবাসায় নতুন এক বাংলাদেশ হোক নতুন বছরের অঙ্গীকার বলে মন্তব্য।

খ.  **যুগান্তর, যায়যায়দিন :** প্রাথমিক ও নিম্নমাধ্যমিক পর্যায়ের চারটি সমাপনী পরীক্ষার প্রকাশিত ফলাফল সন্তোষজনক উল্লেখ করে এনসিটিবি'র পাঠ্যবই পড়ার বিষয়ে শিক্ষার্থীদের উৎসাহিত করার ওপর গুরুত্বারোপ।

গ.  **নিউ এজ :** বিভিন্ন শিল্প কারখানায় শ্রমিকদের জন্য নিরাপদ কর্ম পরিবেশ নিশ্চিত করতে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ঘ.  **ইন্ডিপেনডেন্ট :** ব্রাহ্মণবাড়িয়ার বিভিন্ন গ্রামীণ এলাকায় সবজি চাষ করে অনেক যুবক স্বাবলম্বী হয়েছে উল্লেখ করে এ দৃষ্টান্ত সারাদেশের জন্য অনুসরণীয় বলে মতপ্রকাশ।

ঙ.  **নিউজ টুডে :** সড়কের ধূলাবালি রাজধানীর বায়ু দূষণের অন্যতম কারণ উল্লেখ করে এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণের আহ্বান।

চ.  **ডেইলি সান :** দেশের অর্থনীতির চালিকাশক্তি গার্মেন্টস সেক্টর-এর সুরক্ষায় নজর দেওয়ার সুপারিশ।

**নিবন্ধ ও ফিচার**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'পাঠ্যপুস্তক বিতরণে সাফল্য'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, পাঠ্যবই বিতরণ কর্মসূচি শিক্ষার প্রসার ও মান বৃদ্ধির সহায়ক।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০২০/৯.০০ঘন্টা